



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ০৭/০৩/২০১৭খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের চাকুরীতে স্বাধীনতা বিরোধী ও রাজাকারদের সন্তানেরা আবেদন করতে পারবে না

- প্রফেসর ড. এস এম ইমামুল হক
উপাচার্য, বরিশাল বিশ্ববিদ্যালয়

বরিশাল বিশ্ববিদ্যালয়ের চাকুরীর ক্ষেত্রে আগামীতে স্বাধীনতা বিরোধী ও রাজাকারদের সন্তানেরা আবেদন করতে পারবে না। এখন থেকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের চাকুরীর নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তিতে এটি স্পষ্টতই উল্লেখ থাকবে। ঐতিহাসিক ৭ মার্চ ২০১৭ উপলক্ষে নীলদল বরিশাল বিশ্ববিদ্যালয় ও সেক্টর কমান্ডারস্ ফোরাম-মুক্তিযুদ্ধ ৭১ বরিশাল বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে ববির কীর্তনখোলা অডিটোরিয়ামে এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ে উপাচার্য বিশিষ্ট মুক্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক এ কথা গুলো বলেন। তিনি বলেন, বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ ছিলো পৃথিবীর শ্রেষ্ঠ ভাষণগুলোর মধ্যে অনন্য। তাঁর এ ভাষনে একদিকে যেমন স্বাধীনতার ঘোষণা ছিলো, অন্যদিকে এর মধ্যে বাঙালী জাতির মুক্তির প্রেরণাও নিহিত ছিল। আমরা যারা বঙ্গবন্ধুকে ভালোবাসি, যারা বাংলাদেশকে ভালোবাসি তারা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে বঙ্গবন্ধুর সেই কাঙ্ক্ষিত ক্ষুধা, দারিদ্র, দূনীতিমুক্ত ও রাজাকার মুক্ত বাংলাদেশ গড়ি এ হোক ৭ মার্চের অঙ্গিকার। নীলদল বরিশাল বিশ্ববিদ্যালয় ও সেক্টর কমান্ডারস্ ফোরাম-মুক্তিযুদ্ধ ৭১ ববি শাখার সভাপতি ড. মো. হাসিনুর রহমান এর সভাপতিত্বে আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন বিশেষ অতিথি ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আবু জাফর মিয়া, সেক্টর কমান্ডারস্ ফোরাম-মুক্তিযুদ্ধ ৭১ ববি শাখার সাধারণ সম্পাদক মো. তানভীর কায়ছার, অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম সেরনিয়াবাত, ৩য় শ্রেণি কর্মচারী কল্যান পরিষদের সভাপতি নাদিম মল্লিক, শিক্ষার্থীদের মধ্যে মো. আলী শুভ প্রমুখ। নীলদল বরিশাল বিশ্ববিদ্যালয়ের সদস্য সচিব মোঃ ইব্রাহিম মোল্লার সঞ্চালনায় এ সময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, প্রক্টর, প্রভোস্টবৃন্দ, শিক্ষকমন্ডলী, শিক্ষার্থী, দপ্তর প্রধানগণ, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়
(b.university.pro@gmail.com)